

ঋণের নাম

পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কিম।

ঋণের উদ্দেশ্য

পার্সোনাল লোন (বেতনের বিপরীতে অগ্রিম) স্কিমটি সীমিত আয়ের চাকুরিজীবীদের জীবনযাত্রার মান উন্নয়নের লক্ষ্যে তাদের সাময়িক আর্থিক সংকট নিরসন করা ও দেশের আর্থসামাজিক উন্নয়নে অবদান রাখা।

ঋণ প্রাপ্তির যোগ্যতা

নিম্নবর্ণিত প্রতিষ্ঠানসমূহে চাকুরিরত যাদের চাকুরি স্থায়ীকরণ সম্পন্ন হয়েছে এবং বয়স ন্যূনতম ৩০ (ত্রিশ) বছর অতিক্রান্ত হয়েছে তারা এ কর্মসূচির আওতায় ঋণের জন্য আবেদন করতে পারবেন। তবে চাকুরির মেয়াদকাল কমপক্ষে পিআরএলসহ ৫ (পাঁচ) বছর থাকতে হবে।

(১) সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এর কর্মকর্তা/কর্মচারীগণ, সরকারি ও এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণ যারা বেতন ভাতাদি বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে গ্রহণ করেন তারা সংশ্লিষ্ট শাখা হতে ঋণ সুবিধা প্রাপ্য হবেন।

(২) কর্মকর্তা/কর্মচারীদের বিরুদ্ধে বিচারাধীন কোন মামলা কিংবা নিষ্পন্নাদীন কোন বিভাগীয় মামলা/ব্যাখ্যা তলব/অন্য কোন প্রশাসনিক কার্যক্রম বিদ্যমান থাকা অবস্থায় ঋণ প্রাপ্তির যোগ্য বলে বিবেচিত হবেন না।

(৩) ঋণ আবেদনকারীর বেতন ভাতাদি বাংলাদেশ কৃষি ব্যাংকের যে শাখায় জমা হয় কেবলমাত্র সে শাখায় ঋণের জন্য আবেদন করা যাবে। অন্য কোন শাখা হতে নয়।

(৪) যারা বর্তমানে কনজুমার ক্রেডিট ঋণ সুবিধা ভোগ করছেন এবং যে কোন খেলাপী ঋণ গ্রহীতা এ ঋণ সুবিধা প্রাপ্য হবেন না।

ঋণ সুবিধার প্রকৃতি

- সুদের হার : ১২.৫০%।
- ঋণের সিলিং : সর্বোচ্চ ২০.০০ লক্ষ টাকা।
- ঋণের মেয়াদকাল : সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছর।

পরিশোধ পদ্ধতি

ক) ঋণের মেয়াদকালের মধ্যে সম-মাসিক কিস্তিতে বেতন হতে আদায়/পরিশোধযোগ্য। ১২.৫০% হারে (সময়ে সময়ে পরিবর্তনযোগ্য) এমোর্টাইজেশন (Amortization) পদ্ধতিতে নিম্নোক্তভাবে মাসিক কিস্তি নির্ধারিত হবেঃ

ঋণসীমা (টাকায়)	১২ কিস্তিতে পরিশোধযোগ্য	২৪ কিস্তিতে পরিশোধযোগ্য	৩৬ কিস্তিতে পরিশোধযোগ্য	৪৮ কিস্তিতে পরিশোধযোগ্য	৬০ কিস্তিতে পরিশোধযোগ্য
১,০০,০০০.০০	৮৯০৮.০০	৪৭৩১.০০	৩৩৪৫.০০	২৬৫৮.০০	২২৫০.০০
২,০০,০০০.০০	১৭৮১৭.০০	৯৪৬১.০০	৬৬৯১.০০	৫৩১৬.০০	৪৫০০.০০
৩,০০,০০০.০০	২৬৭২৫.০০	১৪১৯২.০০	১০০৩৬.০০	৭৯৭৪.০০	৬৭৪৯.০০
৪,০০,০০০.০০	৩৫৬৩৩.০০	১৮৯২৩.০০	১৩৩৮১.০০	১০৬৩২.০০	৮৯৯৯.০০
৫,০০,০০০.০০	৪৪৫৪১.০০	২৩৬৫৪.০০	১৬৭২৭.০০	১৩২৯০.০০	১১২৪৯.০০
৬,০০,০০০.০০	৫৩৪৫০.০০	২৮৩৮৪.০০	২০০৭২.০০	১৫৯৪৮.০০	১৩৪৯৯.০০
৭,০০,০০০.০০	৬২৩৫৮.০০	৩৩১১৫.০০	২৩৪১৮.০০	১৮৬০৬.০০	১৫৭৪৯.০০
৮,০০,০০০.০০	৭১২৬৬.০০	৩৭৮৪৬.০০	২৬৭৬৩.০০	২১২৬৪.০০	১৭৯৯৮.০০
৯,০০,০০০.০০	৮০১৭৫.০০	৪২৫৭৭.০০	৩০১০৮.০০	২৩৯২২.০০	২০২৪৮.০০
১০,০০,০০০.০০	৮৯০৮৩.০০	৪৭৩০৭.০০	৩৩৪৫৪.০০	২৬৫৮০.০০	২২৪৯৮.০০
১১,০০,০০০.০০	৯৭৯৯১.০০	৫২০৩৮.০০	৩৬৭৯৯.০০	২৯২৩৮.০০	২৪৭৪৮.০০
১২,০০,০০০.০০	১০৬৮৯৯.০০	৫৬৭৬৯.০০	৪০১৪৪.০০	৩১৮৯৬.০০	২৬৯৯৮.০০
১৩,০০,০০০.০০	১১৫৮০৮.০০	৬১৫০০.০০	৪৩৪৯০.০০	৩৪৫৫৪.০০	২৯২৪৭.০০
১৪,০০,০০০.০০	১২৪৭১৬.০০	৬৬২৩০.০০	৪৬৮৩৫.০০	৩৭২১২.০০	৩১৪৯৭.০০
১৫,০০,০০০.০০	১৩৩৬২৪.০০	৭০৯৬১.০০	৫০১৮০.০০	৩৯৮৭০.০০	৩৩৭৪৭.০০
১৬,০০,০০০.০০	১৪২৫৩৩.০০	৭৫৬৯২.০০	৫৩৫২৬.০০	৪২৫২৮.০০	৩৫৯৯৭.০০
১৭,০০,০০০.০০	১৫১৪৪১.০০	৮০৪২২.০০	৫৬৮৭১.০০	৪৫১৮৬.০০	৩৮২৪৬.০০
১৮,০০,০০০.০০	১৬০৩৪৯.০০	৮৫১৫৩.০০	৬০২১৭.০০	৪৭৮৪৪.০০	৪০৪৯৬.০০
১৯,০০,০০০.০০	১৬৯২৫৭.০০	৮৯৮৮৪.০০	৬৩৫৬২.০০	৫০৫০২.০০	৪২৭৪৬.০০
২০,০০,০০০.০০	১৭৮১৬৬.০০	৯৪৬১৫.০০	৬৬৯০৭.০০	৫৩১৬০.০০	৪৪৯৯৬.০০